

যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১০:১২ এএম

শিক্ষাঙ্গন

পাশের হারে এগিয়ে ঢাকা বোর্ড, পিছিয়ে কুমিল্লা



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ১১:৩৩ এএম



ছবি: সংগৃহীত

এ বছর এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফলে পাশের হারে ধস নেমেছে। সোয়া ১২ লাখের মতো শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে ফেল করেছে পাঁচ লাখেরও বেশি। যেখানে ৯টি সাধারণ শিক্ষাবোর্ডে পাশের হারে এগিয়ে রয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। বিপরীতে পাশের হারে সবচেয়ে পেছনে রয়েছে কুমিল্লা শিক্ষা বোর্ড।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকাল ১০টায় সব শিক্ষা বোর্ড থেকে একযোগে ফল প্রকাশের পর ফলাফলের তুলনামূলক চিত্রে এ তথ্য উঠে আসে।

এ বছর সবচেয়ে বেশি পাশ করা ঢাকা শিক্ষা বোর্ডে মোট পাশের হার ৬৪ দশমিক ৬২ শতাংশ। আর সবচেয়ে কম পাশ করা কুমিল্লা শিক্ষা বোর্ডে পাশের হার ৪৮ দশমিক ৮৬ শতাংশ।

HSC Result 2025: ঢাকা বোর্ডের রেজাল্ট যেভাবে দেখবেন

অন্যদিকে রাজশাহীতে ৫৯ শতাংশ ৪০, যশোরে ৫০ দশমিক ২০ শতাংশ, চট্টগ্রামে ৫২ দশমিক ৫৭ শতাংশ, বরিশালে ৬২ দশমিক ৫৭ শতাংশ, সিলেটে ৫১ দশমিক ৮৬ শতাংশ, দিনাজপুরে ৫৭ দশমিক ৪৯ শতাংশ, ময়মনসিংহে ৫১ দশমিক ৫৪ শতাংশ শিক্ষার্থী পাশ করেছেন।

প্রকাশিত ফলাফলে দেখা গেছে, এবছর গড় পাশের হার ৫৮ দশমিক ৮৩ শতাংশ, অর্থাৎ ফেল করেছেন ৪১ দশমিক ১৭ শতাংশ। মোট জিপিএ-৫ পেয়েছেন ৬৯ হাজার ৯৭ জন শিক্ষার্থী। দেশের ২০২টি শিক্ষাপ্রতিষ্ঠানে কেউ পাশ করেনি। অর্থাৎ এসব প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীদের পাসের হার শূন্য। গত বছর শতভাগ ফেল করা শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৬৫টি।

এইচএসসি: ২০২ শিক্ষাপ্রতিষ্ঠানের সবাই ফেল

এবারও পাশের হার ও জিপিএ-৫ প্রাপ্তিতে সব দিক দিয়ে এগিয়ে ছাত্রীরা। এ বছর ছাত্রীদের পাশের হার প্রায় ৬৩ শতাংশ। আর ছাত্রদের পাশের হার প্রায় ৫৫ শতাংশ।

এইচএসসিতে এবছর গড় পাশের হার ৫৮ দশমিক ৮৩ শতাংশ। বিগত ১০ বছরের ফলাফল বিশ্লেষণে দেখা যায়, ২০১৬ সালে এইচএসসিতে পাশের হার ৭৪ দশমিক ৭০ শতাংশ, ২০১৭ সালে ৬৮ দশমিক ৯২ শতাংশ, ২০১৮ সালে ৬৬ দশমিক ৬৪ শতাংশ, ২০১৯ সালে পাশের হার ৭৩ দশমিক ৯৩ শতাংশ, ২০২০ সালে ১০০ শতাংশ (অটোপাশ), ২০২১ সালে ৯৫ দশমিক ২৬ শতাংশ, ২০২২ সালে ৮৫ দশমিক ৯৫ শতাংশ, ২০২৩ সালে ৭৮ দশমিক ৬৪ শতাংশ, ২০২৪ সালে ৭৭ দশমিক ৭৮ শতাংশ।